



হরমুজ প্রণালী বন্ধের ফলে বিশ্ব তেলের বাজারে অস্থিরতা



সংগৃহীত ছবি

ইরানের ইসলামিক রেভলিউশনারি গার্ড কোর (আইআরজিসি) হরমুজ প্রণালী সম্পূর্ণ বন্ধ করার ঘোষণা দিয়েছে। তারা সতর্ক করেছে, কেউ যদি এই পথে জাহাজ চালানোর চেষ্টা করে, তেহরান তা আক্রমণ করবে।

আইআরজিসি-এর শীর্ষ উপদেষ্টা ইব্রাহিম জাবারি জানিয়েছেন, হরমুজ প্রণালী 'বন্ধ' এবং যে কোনো জাহাজ সেখানে যাওয়ার চেষ্টা করলে তা জ্বালিয়ে দেওয়া হবে বা আক্রমণ করা হবে।

প্রণালীটি ব্যবহার করে দৈনিক বিশ্বের প্রায় ২০% তেল পরিবহন হয়। এর ফলে প্রণালী বন্ধ হলে আন্তর্জাতিক তেলের দাম বৃদ্ধি পাবে এবং বাজারে অস্থিরতা তৈরি হবে।

হরমুজ প্রণালী ব্যবহার করে সৌদি আরব, কুয়েত, ইরাক, ইরান, কাতার, বাহরাইন ও সংযুক্ত আরব আমিরাতের সঙ্গে বাংলাদেশের পণ্য লেনদেন হয়। চলমান উত্তেজনার কারণে প্রণালীর পাশের রাষ্ট্র ওমানের উপসাগরীয় পথেও পরিবহন ঝুঁকি বেড়েছে।